

বেগম গুল চেমনআরা একাডেমী (স্কুল এন্ড কলেজ)

বিজিসি বিদ্যানগর, চন্দনাইশ, চট্টগ্রাম।

নোটিশ

তারিখঃ ২০/০৭/২০২৩ খ্রিঃ

এতদ্বারা অত্র একাডেমীর প্রাথমিক, মাধ্যমিক ও কলেজ শাখার সকল ছাত্র-ছাত্রী, অভিভাবক, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০/০৭/২০২৩ তারিখ হতে ০২/০৮/২০২৩ তারিখ পর্যন্ত যে গ্রীষ্মকালীন অবকাশের ছুটি ঘোষণা করা হয়েছিল মাননীয় শিক্ষামন্ত্রীর নির্দেশক্রমে তা বাতিল করা হয়েছে। আগামী ২৩/০৭/২০২৩ তারিখ রবিবার হতে অত্র একাডেমীর প্রাথমিক, মাধ্যমিক ও কলেজ শাখার সকল শ্রেণি কার্যক্রম যথারীতি চলবে।


20/07/2023
(প্রদীপ কুমার চৌধুরী)

অধ্যক্ষ

প্রদীপ কুমার চৌধুরী
ইদরাস নং শিটার-০১৬৬৪৭
অধ্যক্ষ
বেগম গুল চেমনআরা একাডেমী
(স্কুল এন্ড কলেজ)
বিজিসি বিদ্যানগর, চন্দনাইশ, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.৩৫২

তারিখ: ৪ শ্রাবণ ১৪৩০

১৯ জুলাই ২০২৩

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৩ সালের গ্রীষ্মকালীন ছুটি বাতিল এবং ৩০ নভেম্বর ২০২৩ এর মধ্যে পাঠদান ও মূল্যায়ন/পরীক্ষা কার্যক্রম সমাপ্তকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের পূর্বে ২০২৩ শিক্ষাবর্ষের শিক্ষা কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার উদ্দেশ্যে ইতোপূর্বে ঘোষিত আগামী ২০ জুলাই থেকে ০২ আগস্ট ২০২৩ পর্যন্ত এ মন্ত্রণালয়ের আওতাধীন মাধ্যমিক/দাখিল, উচ্চ মাধ্যমিক/আলিম এবং কারিগরি /সমমান পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে গ্রীষ্মকালীন ছুটি বাতিল করা হলো। আগামী ২০ জুলাই ২০২৩ তারিখ বৃহস্পতিবার হিজরি নববর্ষে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় আগামী ২৩ জুলাই রবিবার থেকে শ্রেণিকক্ষে পাঠদান কার্যক্রম যথারীতি চালু থাকবে। বাতিলকৃত গ্রীষ্মকালীন ছুটি আগামী শীতকালীন ছুটির সাথে সমন্বয় করা হবে। এতদসঙ্গে আরও জানানো যাচ্ছে যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩ এর মধ্যে নতুন শিক্ষাক্রমে ষষ্ঠ ও সপ্তম শ্রেণির পাঠদান ও মূল্যায়নসহ অন্যান্য শ্রেণির পাঠদান ও পরীক্ষা কার্যক্রম সমাপ্ত করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।



১৯-৭-২০২৩

সাইফুর রহমান খান

উপসচিব

ফোন: ৯৫৪৯১৩০

ইমেইল:

sas_admin1@moedu.gov.bd

বিতরণ :

- ১) সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ৩) কমিশনার বিভাগ (সকল)।
- ৪) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৫) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা/কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৬) জেলা প্রশাসক..... (সকল)।